গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫২ তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭
০৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**০৩ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ**

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

**০৩ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থা:** মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল অবস্থায় বিরাজ করছে।

**পূর্বাভাস:** খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং চট্টগ্রাম, ঢাকা, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে এবং এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.৫ | ৩৩.৬ | ৩৩.৫ | ৩৫.৩ | ৩৪.০ | ৩৪.৫ | ৩৩.৪ | ৩৩.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.১ | ২৬.২ | ২৪.৩ | ২৫.০ | ২৫.৫ | ২৬.৫ | ২৫.৫ | ২৫.৬ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ৩৫.৩° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা টেকনাফ ২৪.৩° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**বন্যা সংক্রান্ত তথ্যঃ**

গত ২৭/০৬/২০২০খ্রিঃ তারিখ হতে পাহাড়ী ঢল/অতিবৃষ্টির কারণে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে দেশের ৩৩টি জেলা বন্যা কবলিত হয়। বর্তমানে বন্যা পরিস্থিতি স্বাভাবিক। আজ ০২ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখে দেশের সকল নদ-নদীর পানি সকল পয়েন্টে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

**এক নজরে নদ-নদীর পরিস্থিতিঃ**

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- কুশিয়ারা ও মনু নদী ব্যতীত উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টায় অব্যাহত থাকতে পারে।
- দেশের সকল প্রধাননদ-নদীরপানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| বৃদ্ধি | ৪১ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | ০০ |
| হ্রাস | ৫৩ | **বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা** | ০০ |
| অপরিবর্তিত | ০৭ | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১৯ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):** নেই।

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

**বৃষ্টিপাত তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| কুষ্টিয়া | ৫১.০ |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

**অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ০১ সেপ্টেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০২ সেপ্টেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১০ টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকাণ্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া

হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ০ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৩ | ৩ | ৩ |
| ৮। | খুলনা | ০ | ০ | ০ |
| | **মোট** | **৭** | **০** | **০** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। **চট্টগ্রামঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে টেলিফানের মাধ্যমে জানা গেছে যে, গত ০২/০৯/২০২০ তারিখ বেলা **১১.৪০** ঘটিকায় চট্টগ্রামের লালদিয়ারচর, পূর্ব পতেঙ্গায় একটি তেলের ডিপুতে লড়ির ট্যাংকে ওয়েল্ডিং দ্বারা কাজ করার সময় ওয়েল্ডিং গ্যাস বিস্ফোরনের ঘটনায় ০৩ (তিন) জন ব্যক্তি নিহত হন এবং ০৩ (তিন) জন ব্যক্তি আহত হন। ফায়ার সার্ভিসের ২ টি ইউনিটের ৪ টি গাড়ী কাজ করে দুপুর **১৪.২০** ঘটিকায় অগ্নিকান্ড নিয়ন্ত্রণে আনে। আহত এবং নিহত ব্যক্তিদের বিস্তারিত তথ্য পাওয়া সাপেক্ষে পরবর্তীতে তাদের বিস্তারিত প্রকাশ করা হবে।

## বজ্রপাতঃ

**গাইবান্ধাঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, **গাইবান্ধা এর স্মারক নং-৫১.০১.৩২০০.০২৪.৪০.০০৮.১৬-১৩২৬**; তারিখঃ **০৩/০৯/২০২০** খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, গত **০১/০৯/২০২০** খ্রিঃ তারিখ **সুন্দরগঞ্জ** উপজেলায় বজ্র পাতে **১** জন ব্যক্তি নিহত হন। নিতহ ব্যক্তির বিস্তারিত নিম্নরূপঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা | ঘটনার তারিখ | কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | সুন্দরগঞ্জ | নাম- মোঃ নয়ন মিয়া (২৫), পিতা- মোঃ সিরাজ মিয়া, গ্রাম-নগরকাঠগড়া, ইউনিয়ন-বামনডাঙ্গা, উপজেলা-সুন্দরগঞ্জ, জেলা-গাইবান্ধা | ০১/০৯/২০২০ | বজ্রপাতে নিহত | কোন আর্থিক সহায়তা এখনও প্রদান করা হয়নি। |

**ময়মনসিংহঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ এর স্মারক নং-৫১.০১.৬১৩১.০০০.৪১.০০১.২০-; তারিখঃ ০২/০৯/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, গত ০১/০৯/২০২০ খ্রিঃ তারিখ ঈশ্বরগঞ্জ উপজেলায় বজ্র পাতে **১** জন ব্যক্তি নিহত হন। নিতহ ব্যক্তির বিস্তারিত নিম্নরূপঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা | ঘটনার তারিখ | কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | ঈশ্বরগঞ্জ | নাম- মোঃ জাহাঙ্গীর আলম (৩০), পিতা- মোঃ আবু বকর সিদ্দীক , গ্রাম-তেরছাটি, ইউনিয়ন- বড়জোড়, উপজেলা-ঈশ্বরগঞ্জ, জেলা-ময়মনসিংহ | ০১/০৯/২০২০ | বজ্রপাতে নিহত | কোন আর্থিক সহায়তা এখনও প্রদান করা হয়নি। |

৩-৯-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫২/১(১৬৬)

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭
০৩ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

৩-৯-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা